# আওয়ামী লীগ-বিএনপির মধ্যে পার্থক্য খুঁজে লাভ নেই: পাটওয়ারী



নাসিরুদ্দিন পাটোয়ারী। ছবি: সংগৃহীত

আওয়ামী লীগ ও বিএনপির মধ্যে পার্থক্য খুঁজে লাভ নেই বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী।

রোববার (২৭ সেপ্টেম্বর) নিজের ভেরিফায়েড ফেসবুক প্রোফাইলে দেওয়া এক পোস্টে তিনি এ কথা বলেন।

পাটওয়ারী বলেন, আওয়ামী লীগ ও বিএনপির নাম ও প্রতীক আলাদা হলেও হাসিনা ও তারেকের রাজনীতি একই পুরোনো ক্ষমতার কাঠামোর দুই রূপ। সংস্কারের প্রশ্নে অনীহা এবং দলকে পারিবারিক প্রভাবের মধ্যে রাখার সংস্কৃতিতেও তিনি দুই দলের মিল দেখছেন।

তিনি বলেন, বাংলাদেশ কোনো পরিবার, দল বা গোষ্ঠীর জমিদারি নয়। জুলুম, দখলদারিত্ব, স্বেচ্ছাচারিতা ও পারিবারিক রাজনৈতিক আধিপত্যের পুরোনো কাঠামো ভেঙে জনগণের মালিকানা, গণতন্ত্র ও জবাবদিহি প্রতিষ্ঠার লড়াই চালিয়ে যেতে হবে।

LENS ASIA